দৈনিক ইত্তেফাক

তারিখ ২৫ SEP 1998
পৃষ্ঠা: [illegible] কলাম: [illegible]

# চট্টগ্রাম কলেজের অনন্য সাফল্য

চট্টগ্রাম ভার্সিটি রিপোর্টার ॥ চট্টগ্রাম মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত এইচএসসি পরীক্ষায় সোয়া শতাধিক বৎসরের ঐতিহ্যবাহী চট্টগ্রাম কলেজের ছাত্র-ছাত্রীরা মেধা তালিকায় সর্বাধিক সংখ্যক স্থান লাভ করিয়াছে। বিজ্ঞান বিভাগের সম্মিলিত মেধা তালিকায় ১ম, ২য়সহ ২০টি স্থানের মধ্যে ১২টি দখল করিয়াছে। এইগুলি হইতেছে ১ম, ২য়, ৪র্থ, সপ্তম, অষ্টম, দশম, একাদশ, ত্রয়োদশ, চতুর্দশ, পঞ্চদশ, ষষ্ঠদশ ও সপ্তদশ বিজ্ঞান বিভাগের মহিলাদের প্রথম ১০টি স্থানের মধ্যে ৭টি স্থান দখল করিয়াছে চট্টগ্রাম কলেজের মেয়েরা। ইহাদের মধ্যে প্রথম, দ্বিতীয়, পঞ্চম, ৬ষ্ঠ, সপ্তম, অষ্টম ও নবম।

মানবিক বিভাগে সম্মিলিত মেধা তালিকায় ২০ স্থানের মধ্যে ১৫টি স্থান দখল করিয়াছে চট্টগ্রাম কলেজের ছাত্র-ছাত্রীরা। স্থানগুলি হইতেছে প্রথম, চতুর্থ, সপ্তম, অষ্টম, নবম, দশম, একাদশ, দ্বাদশ, ত্রয়োদশ, চতুর্দশ, পঞ্চদশ, ষষ্ঠদশ, সপ্তদশ, অষ্টাদশ ও বিশতম।

মানবিক বিভাগের ছাত্রীদের প্রথম ১০টি স্থানের মধ্যে ৭টি স্থান দখল করিয়াছে চট্টগ্রাম কলেজের ছাত্রীরা। এইগুলি হইতেছে প্রথম, চতুর্থ, ষষ্ঠ, সপ্তম, অষ্টম, নবম ও দশম। উল্লেখ্য যে, চট্টগ্রাম কলেজে বাণিজ্য শাখা নাই।

ইহাছাড়া বিজ্ঞান ও মানবিক বিভাগের মেধা তালিকায় দ্বিতীয় স্থানে রহিয়াছে ফৌজদারহাট ক্যাডেট কলেজ।